

# 5th Joint Meeting of the India-Japan Act East Forum

January 28, 2021

---

## ইণ্ডিয়া-জাপান অ্যাক্ট ইস্ট ফোরামের 5ম যৌথ সভা

জানুয়ারি 28, 2021

1. 28 জানুয়ারি 2021, তারিখে ভারত ও জাপানের মধ্যে ইণ্ডিয়া-জাপান অ্যাক্ট ইস্ট ফোরাম (এ.ই.এফ.) এর পঞ্চম যৌথ সভা অনুষ্ঠিত হয়। ভারতের রাষ্ট্রদূত ও বৈদেশিক সচিব শ্রী হর্ষবর্ধন শ্রীংলা এবং ভারতে জাপানের রাষ্ট্রদূত মাননীয় শ্রী সুজুকি সাতোশির সহ-সভাপতিত্বে বৈঠকটি সম্পাদিত হয়।
2. ভারতের উত্তর-পূর্বাঞ্চলে চলতে-থাকা যোগাযোগ ব্যবস্থা, জলবিদ্যুৎ, স্থিতিশীল উন্নয়ন, জলসম্পদ বৃদ্ধি, এবং কারিগরি উন্নয়ন প্রকল্পগুলির অগ্রগতি পর্যালোচনা করে এ.ই.এফ। ভারত-জাপান দ্বিপাক্ষিক সহযোগিতার অধীনে দুই দেশ বেশ কয়েকটি নতুন প্রকল্প গ্রহণ করেছে এবং স্বাস্থ্য পরিষেবা, কৃষি-শিল্প এবং এসএমই, বাঁশের ভ্যালু চেইন উন্নয়ন, স্মার্ট সিটি, পর্যটন এবং জনগণ বিনিময়ের মতো নতুন ক্ষেত্রে সহযোগিতা বিষয়েও আলোচনা করেছে।
3. 2017 সালে এইএফ প্রতিষ্ঠার সময় থেকেই উত্তর-পূর্বাঞ্চলের আধুনিকীকরণের জন্য ভারত - জাপান দ্বিপাক্ষিক সহযোগিতাকে সহজভাবে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে এইএফ-এর ভূমিকার প্রশংসা করেন পররাষ্ট্র সচিব এবং জাপানি রাষ্ট্রদূত। ভারতের "অ্যাক্ট ইস্ট পলিসি" এবং জাপানের "ফ্রী অ্যান্ড ওপেন ইণ্ডো-প্যাসিফিক" এর অধীনে এইএফ উত্তর - পূর্বাঞ্চলে ভারত-জাপান সহযোগিতার ক্ষেত্রে একটি প্রচার মাধ্যম সরবরাহ করে।

নিউ দিল্লি

জানুয়ারি 28, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.